গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা আইসিটি কার্যালয়
কোম্পানীগঞ্জ, সিলেট
www.doict.companiganj.sylhet.gov.bd

স্মারক নং-৫৬.০৪.৯১২৭.০০১.১৮.০০৩.২৩-১০১ তারিখ: ১৫.০৮.২০২৪ খ্রীঃ

বিষয়: আইসিটি দক্ষতা বৃদ্ধিতে সরকারী বা বেসরকারী উদ্যোগে প্রশিক্ষণ আয়োজন এবং সার্টিফিকেট প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, উপজেলার সর্বসাধারণের মাঝে আইসিটি দক্ষতা বৃদ্ধির মাধ্যমে ডিজিটাল সুনাগরিক তৈরির লক্ষ্যে সরকারের চলমান কর্মতৎপরতা হিসেবে প্রশিক্ষণকে অত্যন্ত গুরুত্বের সাথে বিবেচনা করা হচ্ছে। সরকারি এবং বেসরকারি সকল প্রকার উদ্যোগকে এ ব্যাপারে সাধুবাদ জানানো হচ্ছে। সরকার ইতোমধ্যে স্কুল কলেজে ডিজিটাল ল্যাব স্থাপন করেছে। সেখানে নির্ধারিত নিয়মে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া, বেসরকারি প্রতিষ্ঠান হতে আইসিটি প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণের মান এক্ষেত্রে গুরুত্বপূর্ণ একটা বিষয়। এ লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের বিষয়টি উপজেলা আইসিটি অধিদপ্তরের গোচরীভূত হয়েছে। এরই আলোকে প্রশিক্ষণের মান বজায় রেখে সরকারি সার্টিফিকেট প্রদানে আগ্রহী স্থানীয় প্রশিক্ষণ প্রদানকারী সরকারি বা বেসরকারী প্রতিষ্ঠানসমূহকে প্রশিক্ষণ সংক্রান্ত নিম্নোক্ত নির্দেশনা জনস্বার্থে প্রদান করা হলো।

ক) প্রশিক্ষণ আয়োজনের পূর্বাহ্নে উপজেলা আইসিটি অফিস থেকে কারিকুলামের অনুমোদন গ্রহণ করতে হবে বা আইসিটি অধিদপ্তর কর্তৃক অনুমোদিত কারিকুলাম অনুযায়ী বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণ প্রদান করতে হইবে। এরূপ ক্ষেত্রে যৌথ স্বাক্ষরে সার্টিফিকেট প্রদানের বিষয়টি বিবেচ্য হইবে।

খ) উপজেলা আইসিটি অফিসার বা মনোনীত কর্তৃপক্ষের যৌথস্বাক্ষরে সার্টিফিকেট প্রাপ্তির ক্ষেত্রে আবশ্যিকভাবে প্রশিক্ষণ সমাপ্তির পর মূল্যায়ন কার্যক্রম গ্রহণের ব্যবস্থা করতে হবে। এ ব্যাপারে প্রতিষ্ঠানসমূহ উপজেলা আইসিটি অফিসকে অবহিত রেখে তাদের উপস্থিতিতে মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ করবেন। নমুনা সার্টিফিকেট এর অনুমোদন গ্রহণ করিতে হইবে। প্রসঙ্গত উল্লেখ্য, উক্ত সার্টিফিকেট প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহার করা যাইবে। তবে সার্টিফিকেট সকল ক্ষেত্রে ব্যবহার যোগ্য হইবে, এ নিশ্চয়তা বহন করবে না। উল্লেখ্য, মূল্যায়ন পরীক্ষা এবং সার্টিফিকেট প্রদানের ব্যয় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বহন করিতে হইবে।

গ) প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণ প্রদানের মান যাচাইয়ের লক্ষ্যে উপজেলা আইসিটি অফিস কর্তৃক পরিদর্শন করা হইবে। এব্যাপারে প্রশিক্ষণ আয়োজক প্রতিষ্ঠানসমূহকে সার্বিক সহযোগিতা প্রদান করিতে হইবে।

ঘ) বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট কাজের জন্য আবশ্যিকভাবে প্রয়োজনীয় বানিজ্যিক বা অন্যান্য লাইসেন্স থাকতে হবে।

ঙ) বিজ্ঞাপন বা প্রচারণায় আইসিটি অধিদপ্তরের অনুমোদিত কারিকুলাম অনুযায়ী প্রশিক্ষণ প্রদানের বিষয়টি উল্লেখ করে সুবিধা নেওয়া যাবে না। এরূপ ক্ষেত্রে সরকার অনুমোদিত কারিকুলাম অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করা হয়, উল্লেখ করা যাবে।

চ) সরকারী সার্টিফিকেট প্রদানে আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে প্রশিক্ষণ সংক্রান্ত সরকারী নির্দেশনা মান্য করিতে হবে।

১৫.০৮.২৪

(মোহাম্মদ নাঈম হাসান)
উপজেলা আইসিটি অফিসার
কোম্পানীগঞ্জ, সিলেট

বিতরণ কার্যার্থে:
১। ডিজিটাল ল্যাবধারী প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রধান শিক্ষক/ সুপার, কোম্পানীগঞ্জ, সিলেট
২। প্রোপাইটর/ মালিক, বেসরকারী প্রতিষ্ঠান, কোম্পানীগঞ্জ, সিলেট

অনুলিপি: সদয় অবগতির জন্য
১। জেলা আইসিটি অফিসার, সিলেট।
২। উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
৩। অফিস কপি।